



পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

মুর্শিদাবাদ জেলা শাখা

বিজ্ঞান অভী(১) ২০২৪

সময় : ১ ঘ. ৪০ মি.

পঞ্চম শ্রেণি

পূর্ণমান - ১০০

নাম / Name


OMR উত্তরপত্র নির্ভুল ভাবে পূরণ করার নির্দেশিকা

- এই শিট ঠিকভাবে পূরণ করা খুব দরকার। কারণ এটাই উত্তরপত্র। এটাই জমা নেওয়া হবে। প্রশ্নপত্র জমা নেওয়া হবে না। ছাত্রছাত্রীরা প্রশ্নপত্র বাড়ি নিয়ে যাবে। ক্লাসের ইনভিজিলেটরের কাছে ভালভাবে বুঝে নিয়ে শুরু করতে হবে। নচেৎ ভুল হতে পারে। OMR ভুল হলে নতুন OMR সরবরাহ করা হবে না। তাই খুব সতর্কতার সঙ্গে OMR পূরণ করতে হবে।
- চার সংখ্যা বিশিষ্ট রেজিস্ট্রেশন কোড ও চার সংখ্যা বিশিষ্ট Number (নং) লেখা অভ্যাস করার জন্য পরীক্ষার আগে অ্যাডমিট কার্ডের সঙ্গে OMR এর নমুনা দেওয়া হয়েছে। মনে রাখতে হবে OMR মূল্যায়নের সব কাজ কম্পিউটারের মাধ্যমে হবে, মানুষের দ্বারা নয়। ভুল ক্লাস বা ভুল রোল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- অভীক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকা সকলকে নজর রাখতে হবে এই শিটে কোন ভাঁজ বা কোন রকম দাগ না পড়ে।
- OMR পূরণের সময় কালো বা নীল বল পেন ব্যবহার করতে হবে। জেল পেন বা পেনসিলে নয়। হোয়াইটনার ব্যবহার করা যাবে না। সঠিক উত্তরের অপশনটির গোল ফাঁকা জায়গাটি পেন দিয়ে ভরাট করতে হবে, অন্য কোন রকম চিহ্ন (✓/ বা অন্য কিছু) দিলে হবে না। ভরাট করার সময় অতিরিক্ত চাপ দেবার দরকার নেই। কাগজ ফুটো হয়ে যেতে পারে।
- প্রতি প্রশ্নের উত্তর A, B, C, D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।
- প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে। প্রশ্ন থাকবে 1, 2, 3 থেকে শুরু করে 50 পর্যন্ত।
- OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।
- OMR এ নাম রোল সহ অন্যান্য কাজ করার জন্য সময় ১২টা থেকে ১২টা ১০ মিনিট। পরীক্ষা শেষ হবে ১টা ৪০ মিনিটে।
- পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

GROUP - A


- নীচের কোন জোড়া সংখ্যা যমজ মৌলিক নয়?
A) ১১, ১৩ B) ২৯, ৩১ C) ৫৩, ৫৯ D) ১৭, ১৯
- এক তল বিশিষ্ট ঘনবস্তু হল—
A) চোঙ B) গোলক C) ইট D) পিরামিড।
- চারটি সরলরেখা সবচেয়ে বেশি ক'টি বিন্দুতে ছেদ করতে পারে?
A) ৪ টি B) ৫ টি C) ৬ টি D) ৭ টি।
- ক ও খ এর গড় ৫, গ ও ঘ এর গড় ৭ হলে ক, খ, গ ও ঘ এর গড় কত?
A) ৬ B) ৮ C) ৭ D) ৯
- ঘড়িতে যখন ৬টা বাজে তখন ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ হবে—
A) ৯০° B) ১০০° C) ১৫০° D) ১৮০°
- নীচের কোন সংখ্যাটি পূর্ণবর্গ এবং তার অর্ধেকের থেকেও এক বেশিও পূর্ণবর্গ?
A) ৬ B) ১৬ C) ২৫ D) ৩৬
- ১ থেকে ১১০ পর্যন্ত সংখ্যাগুলির মধ্যে মোট ১ এর সংখ্যা কত?
A) ২০ টি B) ২১ টি C) ২২ টি D) ২৩ টি।
- তোমার কাছে মোট ৬০ টাকা ছিল। তুমি সেই টাকার — অংশ দিয়ে ঝালমুড়ি এবং — অংশ দিয়ে কাগজ কিনেছ। তোমার কাছে এখন কত টাকা আছে?
A) ১০ টাকা B) ১৫ টাকা C) ৫ টাকা D) ২০ টাকা।
- দুটি সংখ্যার গুণফল যুগ্ম সংখ্যা। সংখ্যাগুলির একটি যুগ্ম সংখ্যা হলে অপর সংখ্যাটি হবে —
A) যুগ্ম সংখ্যা B) অযুগ্ম সংখ্যা C) যুগ্ম ও অযুগ্ম যে কোন সংখ্যা D) সংখ্যাটিকে যুগ্ম বা অযুগ্ম চিহ্নিত করা যাবে না।

V(২)

10. ৫ একক ব্যাসার্ধ বিশিষ্ট কোন বৃত্তের বৃহত্তম জ্যা-এর দৈর্ঘ্য হবে—
A) ৫ একক B) – একক C) ১০ একক D) ২০ একক।
11. ১০০ মিটার অন্তর একটি করে ইলেকট্রিক লাইনের খুঁটি ১ কিলোমিটার রাস্তায় পৌঁতা হল। মোট কতগুলি খুঁটি লেগেছে?
A) ১০ টি B) ১১ টি C) ৯ টি D) ১২ টি।
12. ক্লাশে ছাত্রছাত্রীদের অঙ্কের দিদিমনি বললেন, “ ‘তিরিশ লক্ষ পাঁচ হাজার পাঁচশি’ সংখ্যাটিকে অঙ্কে লিখে আমাকে দেখাও। ” তুমি লিখলে ৩০০৮৫০০৫। তোমার লেখার পরিপ্রেক্ষিতে নীচের কোন বিবৃতিটি ঠিক?
A) ঠিক লেখা হয়েছে B) ২৭০৭৯৯২০ বেশি লেখা হয়েছে
C) ২৭০৭৯৯০২ কম লেখা হয়েছে D) দু কোটি উনাশি লক্ষ নয় শত কুড়ি কে অঙ্কে প্রকাশ করা উচিত ছিল।
13. মনে কর একদিন স্কুলে পঞ্চম শ্রেণিতে ৩৬ জন, ষষ্ঠ শ্রেণিতে ৪৫ জন ও সপ্তম শ্রেণিতে ৫৪ জন ছাত্রছাত্রী এসেছে। প্রেয়ারের সময় বিভিন্ন ক্লাসের ছাত্রছাত্রীদের মেশামেশি করে এক লাইনে দাঁড়ানোর নিয়ম নেই তোমাদের স্কুলে। প্রতিটি লাইনে সর্বোচ্চ সমসংখ্যক ছাত্রছাত্রী দাঁড়িয়ে সেদিন প্রেয়ার হল। প্রতিটি লাইনে সর্বোচ্চ কতজন করে ছাত্রছাত্রী দাঁড়াল এবং কটি লাইন হল?
A) ৯ জন এবং ১৫টি লাইন B) ৩ জন এবং ৪৫টি লাইন C) ১৫ জন এবং ৯টি লাইন D) এভাবে দাঁড়ানো সম্ভব নয়।
14.  পাশের চিত্র অনুযায়ী বৃত্তটির কেন্দ্র থেকে নির্গত সন্নিহিত ব্যাসার্ধগুলি পরস্পরের সঙ্গে একই কোণে আছে। দুটি সন্নিহিত ব্যাসার্ধ কত ডিগ্রি কোণে বৃত্তের কেন্দ্রে যুক্ত আছে?
A) ৩০° B) ১৮০° C) ৩৬০° D) ১২°
15. এর মধ্যে কোন কথাটি ঠিক নয়?
A) এশিয়া, আফ্রিকা ও দক্ষিণ আমেরিকার অধিকাংশ মানুষের ত্বক কালো বা গাঢ় বাদামী। কারণ এদের ত্বকে মেলানিন বেশি আছে।
B) অতিবেগুনী রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে মেলানিন ত্বককে বাঁচায়।
C) একসময় মনে করা হতো কালো চামড়ার মানুষরা অসভ্য বর্বর।
D) ইউরোপ আমেরিকা ইত্যাদি মহাদেশের শ্বেতাঙ্গ মানুষদের ত্বকের ক্যান্সার হওয়ার সম্ভাবনা খুব কম।
16. যক্ষা রোগ সম্পূর্ণ সারাতে কতদিন ঠিকমতো চিকিৎসা করাতে হয়?
A) ৩ সপ্তাহ B) ২ বছর C) এক বছর D) ৩ মাস।
17. বেশির ভাগ গাছপালারা মাটির কোন স্তর থেকে জল ও তাদের প্রয়োজনীয় সার পদার্থ সংগ্রহ করে?
A) মাটির ৫-৬ ফুট নিচ থেকে। B) মাটির ওপর তল থেকে।
C) মাটির এক-দেড় ফুটের মধ্য থেকে D) মাটির ৩ ফুট নিচ থেকে।
18. কুসুমদের ভেড়িতে কয়েক ঘন্টা কাটালে দেখা যায় কত পাখি এসে মাছ খেয়ে যাচ্ছে। এর মধ্যে কোন পাখি আসছে কিন্তু মাছ খাচ্ছে না—
A) চিল B) বক C) কাঠঠোকরা D) পানকৌড়ি।
19. কল্পনাদের বাড়ির কাছে জঙ্গলে হাতি আছে। জঙ্গলে শাল, পলাশ, শিশু গাছ আছে। শেয়াল, খরগোসও আছে। কিন্তু বাঘ নেই। ওদের বাড়ি কোন জেলায় হতে পারে—
A) মালদহ জেলায় B) বর্ধমান জেলায় C) পুরুলিয়া জেলায় D) দক্ষিণ ২৪ পরগণা জেলায়।
20. কোন কথাটি ভুল?
A) মাটির তলায় চাপাপড়া গাছপালা ও জীবজন্তুর হাড় লক্ষ লক্ষ বছর ধরে কয়লায় পরিণত হয়েছে।
B) ঐ সব জীবদেহের নরম অংশ পচে গেছে, শক্ত অংশ থেকে কয়লা হয়েছে।
C) যে কয়লা যত পুরনো কালের সেই কয়লার কার্বনের ভাগ তত কম।
D) রান্নার কাজের জন্য কম কার্বনের কয়লা সাধারণত ব্যবহার করা হয়।
21. কয়লা বা কাঠের ধোঁয়ায় কোন পদার্থ নেই?
A) কার্বন, নাইট্রোজেন ও সালফার অক্সাইড B) কার্বন মনোক্সাইড C) ক্লোরিন D) নানা রকম গুঁড়ো।
22. ডিজেল ইঞ্জিন লাগানো ভুটভুটিতে এগুলির মধ্যে কোনটি থাকে?
A) হাল B) পাল C) দাঁড় D) গুন।
23. কোন গাছটি এখানে বেমানান?
A) ঝিঙে B) কুমড়ো C) টেঁড়শ D) উচ্ছে।

V (৩)

24. নিচের কোন কথাটি ঠিক? আয়তন দেখে চাঁদ, পৃথিবী ও সূর্য বুঝে নাও।



- A) ক থেকে খ অংশের লোকদের কাছে এখন চন্দ্র গ্রহণ B) ক থেকে খ অংশের লোকদের কাছে এখন সূর্য গ্রহণ
C) সারা পৃথিবীর লোকদের কাছে এখন চন্দ্র গ্রহণ D) এখন গ্রহণ নয়, অম্যবস্যা তিথি।
25. এর মধ্যে প্রচলিত শক্তি কোনটি?
A) জলবিদ্যুৎ B) জৈব গ্যাস C) সৌর শক্তি D) বায়ু কল।
26. শাল, শিশু, গামার গাছ সম্পর্কে কোন কথাটি ঠিক?
A) পথের ধারে ছায়া পাবার জন্য এসব গাছ লাগানো হয় B) এই গাছগুলি থেকে ভাল কাঠ পাওয়া যায়
C) এই গাছগুলি বেশি লম্বা হয় না, পাশের দিকে ছড়ানো হয় D) ফুল ফলের জন্য এদের কদর আছে।
27. মাষ্টারদা কাকে বলা হয়?
A) সূর্যসেন B) যতীন্দ্র মোহন মুখোপাধ্যায় C) ভগৎ সিং D) প্রফুল্ল চাকি।
28. কোন গাছের অংশ কোন প্রাণীকে খাদ্য জোগায়, তার ভিত্তিতে জোড় করা হয়েছে। কোন জোড়টি ঠিক হয়নি?
A) কাঠবেড়ালি - পেয়ারা B) ছাগল - শিমূলফুল C) প্রজাপতির লার্ভা - ঘাস D) পায়রা - গম।
29. ? চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?

$$\begin{array}{ccc} \begin{array}{c} ৩৬ \\ ৪৯ \text{ (} ২৬ \text{) } ৬৪ \\ ২৫ \end{array} & \begin{array}{c} ৯ \\ ৮১ \text{ (} ২১ \text{) } ২৫ \\ ১৬ \end{array} & \begin{array}{c} ২৫ \\ ৬৪ \text{ (} ? \text{) } ১৪৪ \\ ৩৬ \end{array} \end{array}$$

- A) ২৪ B) ২৫ C) ৩১ D) ২৩
30. নিচের কোনটি অন্যগুলির সঙ্গে সজাতিপূর্ণ নয়?
A) অ ই উ B) ক গ ঙ C) থ ধ প D) ড ণ ত।

GROUP - B

31. এর মধ্যে কোন বিলটি মুর্শিদাবাদ জেলায় অবস্থিত নয়?
A) রসিক বিল B) বিষ্ণুপুর বিল C) ভান্ডারদহ বিল D) ভাকুড়ি বা চালতিয়া বিল।
32. হর্ষবর্ধন গোবর্ধন কার সৃষ্টি করা চরিত্র?
A) শিবরাম চক্রবর্তী B) সত্যজিৎ রায় C) প্রেমেন্দ্র মিত্র D) লীলা মজুমদার।
33. ২০ শে আগস্ট দিনটি বিজ্ঞানমনস্কতা দিবস হিসাবে পালন করা হয় কেন?
A) জওহরলাল নেহেরুর জন্মদিন B) সি.ভি. রমনের মৃত্যুদিন
C) দাভোলকারের আত্মবলিদান দিবস D) দাভোলকারের জন্মদিন।
34. সাম্প্রতিক কোন ঘটনা নিয়ে আমাদের রাজ্য সহ সারা দেশ এমনকি বিদেশেও তীব্র আন্দোলন চলছে?
A) কালবুর্গিকে হত্যা B) জলঙ্গী নদী বাঁচাও আন্দোলন
C) পূর্ব কলকাতা জলাভূমি রক্ষার আন্দোলন D) আর জি কর হাসপাতাল কাশ।
35. জ্বর দেখার জন্য যে থার্মোমিটার আমরা ব্যবহার করি তাতে কী থাকে যার জন্য আমরা কতটা জ্বর সেটা বুঝতে পারি?
A) জল B) পারদ C) অ্যালকোহল D) নির্দিষ্ট কোন পদার্থ নয়।
36. কোন বাঙালী বিজ্ঞানী প্রমাণ করেছিলেন উদ্ভিদও প্রাণীদের মত সারা দেয়?
A) জগদীশ চন্দ্র বসু B) প্রফুল্লচন্দ্র রায় C) সত্যেন্দ্রনাথ বসু D) মেঘনাদ সাহা।
37. রবীন্দ্রনাথ ঠাকুর, সুনীল গঙ্গোপাধ্যায়, বিকাশ চন্দ্র সিন্হা, শীর্ষেন্দু মুখোপাধ্যায়—এই নামগুলির মধ্যে কোনটি বেমানান?
A) রবীন্দ্রনাথ ঠাকুর B) সুনীল গঙ্গোপাধ্যায় C) বিকাশ চন্দ্র সিন্হা D) শীর্ষেন্দু মুখোপাধ্যায়।
38. লেবু টক লাগে কারণ এতে থাকে—
A) লবণ B) অ্যাসিড C) ক্ষার D) জল।
39. 'পথের পাঁচালি' কার রচনা?
A) বিভূতি ভূষণ বন্দ্যোপাধ্যায় B) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় C) সত্যজিৎ রায় D) বিভূতি ভূষণ মুখোপাধ্যায়।

V (8)

40. পাথর খাদানে যারা কাজ করে তাদের যে রোগ হওয়ার সম্ভাবনা থাকে তা হল—

- A) ফ্লুরোসিস B) সিলিকোসিস C) আর্সেনিকোসিস D) আর্থ্রাইটিস।

GROUP - C

41. মাঝে মাঝে আমাদের শরীরের ত্বকের কোন অংশ অসাবধানে পুড়ে যায়। অনেকক্ষণ ধরে জ্বালা করে। এই ব্যাপারে যে কথাগুলি বলা হল তার কোনটি ভুল?

- A) পোড়া অংশ অনেকক্ষণ ধরে জ্বালা করে কারণ তখন ত্বকের উপরের স্তরের তাপ নিচের স্তরে যায় ও সেখানের কোশগুলিকে পোড়ায়।
B) পোড়া জায়গায় ফোস্কা পড়লে চিন্তার কিছু নেই। ফোস্কার জমা জল নিচের স্তরের কোশগুলিকে পোড়া থেকে বাঁচায়।
C) পোড়া জায়গায় ঠান্ডা জল দিতে নেই, তাহলে ফোস্কা পড়বে ও ফোস্কা গলে গিয়ে যা হবে।
D) পোড়া জায়গা যতক্ষণ জ্বালা করবে বুঝতে হবে ত্বকের নিচের স্তর তখনো ক্ষতিগ্রস্ত হচ্ছে, তাই পোড়া জায়গায় ঠান্ডা জল ও বরফ ততক্ষণই দিতে হবে।

42. পাহাড়ে বা সমতলে নদী ও খালের ধারে মাটির ক্ষয় আটকানোর সবচেয়ে ভাল উপায় হলো—

- A) পাথর দিয়ে কিনারা বাঁধিয়ে দেওয়া। B) কাঠের গুঁড়ি দিয়ে কিনারা বাঁধিয়ে দেওয়া।
C) প্লাস্টিক আবর্জনা যেখানে সেখানে না ফেলা। D) বিশেষ ভাবে মাটি ধরে রাখে এমন গাছ লাগানো।

43. পুকুরের জল কি কি উপায়ে আপনা আপনি শোধিত হয় নিচে দেওয়া হল। এর মধ্যে কোনটি ভুল কথা?

- A) বাতাসের অক্সিজেনের সঙ্গে জৈব আবর্জনা, রাসায়নিক বিক্রিয়ার ফলে ভেঙে যায়।
B) পুকুরের শ্যাওলাও অক্সিজেন দেয়, যা দিয়ে জৈব আবর্জনা ভাঙে।
C) মাছ ও জলের পোকামাকড় অনেক ময়লা খেয়ে ফেলে।
D) অনেক ময়লা মাটির নিচে চলে যায়।

44. বাসুদা একবার কালিদহে মাছ ধরতে গিয়ে একটা বড় কচ্ছপ পেয়েছিলেন। সেটিকে আবার জলেই ছেড়ে দেন। কেন? কোন কারণটি ঠিক?

- A) কচ্ছপ ধরা বেআইনি B) কচ্ছপ ধরা অশুভ C) ঐ গ্রামে কেউ কচ্ছপের মাংস খায় না D) কচ্ছপ খুব জোরে কামড়ায়।

45. ভুল কথা কোনটি?

- A) লোক সংখ্যা বাড়ার জন্য চাষে জমি ও বসবাসের জায়গা পেতে অনেক বন কাটা হয়েছে।
B) গাছ কম থাকলে জীবের বেঁচে থাকার প্রয়োজনীয় অক্সিজেনের অভাব হয়, পরিবেশের উষ্ণতা বেড়ে যায়।
C) মানুষের প্রয়োজন মেটাতে লোকালয়ের মধ্যে ছোট ছোট বন তৈরি করা হচ্ছে। এগুলিকে বলে সামাজিক বন।
D) ভারতের মধ্যে পশ্চিমবঙ্গে বনের পরিমাণ যথেষ্ট ভালো।

46. নিচের কথাগুলির মধ্যে কোনটি ভুল?

- A) মাজার, মন্দির লাগোয়া ছোট ছোট বনগুলি টিকে আছে কারণ সাধারণতঃ ওখানে কেউ গাছ কাটতে যায় না।
B) মন্দির, মাজার লাগোয়া বনে বাইরের উপদ্রব না থাকায় এই জাতীয় বনে বুনো ছোট ছোট প্রাণীরাও শান্তিতে বাস করে।
C) একশো বছর আগে ভারতের বনগুলিতে বাঘ ছিল অনেক বেশি। মাঝের একশো বছরে বাঘ খুব কমে গেছে। ব্যাঘ্র প্রকল্পের মাধ্যমে এখন আবার বেড়েছে।
D) হুইয়া পাখির সুস্বাদু মাংসের জন্য মানুষ এদের মেরে শেষ করে ফেলেছে।

47. ঠিক উত্তর বেছে নাও—

২৮শে ফেব্রুয়ারী দিনটি জাতীয় বিজ্ঞান দিবস হিসাবে পালিত হয়। কারণ—

- A) ঐ দিন আচার্য জগদীশচন্দ্র বসুর জন্মদিন। B) ঐ দিন আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের জন্মদিন।
C) ঐ দিন সি.ভি. রামনের জন্মদিন। D) ঐ দিন সি.ভি. রামন “বিশেষ মাধ্যমে আলোর বিচ্ছুরণ” বিষয়ে গবেষণা পত্র প্রকাশ করেন।

48. চিপকো আন্দোলন কিসের সঙ্গে যুক্ত?

- A) নদী ও জলাভূমি রক্ষা B) মশা বাহিত রোগ দূরীকরণের জন্য C) কুসংস্কার বিরোধী আন্দোলন D) বনভূমি রক্ষার আন্দোলন।

49. ইনি কে?

জন্ম ১৮৯৩ সালে ঢাকা শহরে। খুব মেধাবী ছাত্র ছিলেন। কলেজ বিশ্ববিদ্যালয়ের পাঠ কলকাতায়। সেখানে সহপাঠী হিসাবে পান সত্যেন্দ্রনাথ বসুকে। তিনি গণিত বিষয়ে পড়াশোনা করলেও কাজ করেন তড়িৎ চুম্বকীয় তথ্য ও বিকিরণ চাপের ওপর। পৃথিবী বিখ্যাত বিজ্ঞানীদের সান্নিধ্যে আসেন। আমাদের ভারতীয় প্রাচীন সাহিত্য খুঁটিয়ে পড়াশোনা করেন ও জানান ভারতীয় প্রাচীন পুঁথিতে সব জ্ঞান বিজ্ঞানের কথা আছে-একথা ঠিক নয়।

- A) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী B) সি.ভি. রামন C) মেঘনাদ সাহা D) প্রফুল্লচন্দ্র রায়।

50. নীলুদের পাড়ার পুকুরটার চারপাশটা উঁচু। বর্ষার সময় চারপাশের মাঠে জল জমে থাকে, কিন্তু পুকুরে সামান্য জল বাড়ে। কি পরিবেশ-বান্ধব পদ্ধতি প্রয়োগ করলে পুকুরে জল আরও বাড়বে?

- A) চারদিকে পাড় নিচু করে দিতে হবে। B) পাম্প চালিয়ে মাঠের জল পুকুরে ঢেঁকিতে হবে।
C) মাঠের যে দিকে বেশি জল জমে আছে সেই দিকে পুকুরের পাড়ে নালা কেটে দিতে হবে। D) কোন ভাবেই কিছু করা যাবে না।